গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা) ,৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**সভার কার্যবিবরণী ১৩ জুন ২০২৩**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুজ্জামান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩১/০৫/২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১২ ঘটিকা |
| স্থান | বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং-০৩) |
| উপস্থিতি | হাজিরা বিবরণী সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টোকহোল্ডরগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। তিনি বলেন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার অনলাইন (www.grs.gov.bd) প্লাটফর্ম রয়েছে। ইহাতে প্রতিশ্রুতি সেবা, সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে অসন্তোষ বা মতামত জানানো যায়। তিনি অভিযোগের ভিত্তি কি, অভিযোগ কেন হয় এতদসংক্রান্ত বিষয়ে আলোকপাত করেন। সভাপতি বলেন সাধারণত নাগরিক সনদে প্রদত্ত সেবা প্রদানের ধরণ, সময় ইত্যাদির ব্যত্যয় ঘটলে অভিযোগ উত্থাপিত হয়। তিনি বস্ত্র অধিদপ্তরের নাগরিক সনদে উল্লিখিত সেবা সমূহ যথাযথভাবে প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি বলেন পোষক কর্তৃপক্ষের কাজ সহজীকরণের লক্ষ্যে গত ১/১০/২০১৮ তারিখ বস্ত্র আইন, ২০১৮ -এর প্রজ্ঞাপন জারি হয় এবং বস্ত্র আইন, ২০১৮ প্রদত্ত নির্দেশনা মোতাবেক বস্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা, ২০২১ প্রণয়ণ করা হয়েছে। এই বিধিমালার সকল সেবার জন্য আবেদন পদ্ধতি এবং আবেদন ফরম সুনির্দিষ্ট করা হয়েছে ফলে উদ্যোক্তাগণ সেবা প্রাপ্তির বিষয়ে সুনির্দিষ্ট গাইডলাইন পাচ্ছেন।

২। বিজিবিএ (বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশন) -এর সভাপতি জনাব কাজী ইফতেখার হোসেন "Easy doing Business" এর পরিবেশ সৃষ্টির উপর গুরত্বারোপ করেন। তিনি বস্ত্র অধিদপ্তরের সিটিজেন চার্টার অফিসে টানানোর অনুরোধ করেন। সভাপতি সংশ্লিষ্ট সকলকে পেশাদারিত্ব Develop করার এবং সেবা প্রত্যাশীগণের সাথে উত্তম ব্যবহার করার জন্য অনুরোধ করেন । সভাপতি অফিসে কোন কর্মচারী Missconduct করলে Official Procedure নেয়ার পরামর্শ দেন। তিনি বলেন কোন সেবা প্রত্যাশি অফিসে কারো সাথে খারাপ ব্যবহার করলে বিনিময়ে উত্তম ব্যবহার করার এবং প্রয়োজনে সংশ্লিষ্ট Association এর সভাপতি/সাধারন সম্পাদককে অবহিতকরণের পরামর্শ দেন।

০৩।বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।:

ক) উদ্যোক্তগণ সেবা সমূহ গ্রহণের ক্ষেত্রে যাতে কোন প্রকার হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সদা সচেষ্ট থাকতে হবে মর্মে সুপারিশ গৃহীত হয়।

খ) বস্ত্র অধিদপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বড় আকারে লিপিবদ্ধ করে দেয়ালে টানানোর সুপারিশ গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে অবহিতকরণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-০৬-২০২৩
মোঃ নূরুজ্জামান
মহাপরিচালক
০২-৪৮১১১৮৬৯২ (ফোন)
dg@dot.gov.bd

**নম্বর:** ২৪.০২.০০০০.০০২.২৭.০০১.১৯.২১৬৭

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (বস্ত্র), বস্ত্র অনুবিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
২। পরিচালক, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর;
৩। পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর;
৪। জনাব মহাদেব কুমার দেবনাথ, উপ-পরিচালক, উপ-পরিচালক (রপ্তানি) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো);
৫। উপপরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
৬। সহকারী পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
৭। সহকারী সচিব, বাজেট অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং
৮। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

১৪-০৬-২০২৩
মোঃ নূরুজ্জামান
মহাপরিচালক